অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গর্ভপাতের সুযোগ সর্বদা: গভর্নর হোকল প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবা সন্ধানী সকলের জন্য বলিষ্ঠ, একাধিক প্ল্যাটফর্মের গণশিক্ষা ক্যাম্পেইন ঘোষণা করলেন

রো বনাম ওয়েড বাতিল করার SCOTUS সিদ্ধান্তের পর, পেইড মিডিয়া ক্যাম্পেইন গর্ভপাতের সুযোগ এবং সকলের জন্য প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবা রক্ষা করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির উপর আলোকপাত করে

12 টি ভিন্ন ভাষায় গর্ভপাতের ব্যাপারে শিক্ষা, সেবাদানকারীর তথ্য এবং আরো অনেক কিছুসহ ওয়েবসাইট দেখুন এখানে, যা নিউ ইয়র্কে উপলভ্য সেবার বিকল্পসমূহের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করে

গণসচেতনতা ক্যাম্পেইনের ছবি দেখুন এখানে

মার্কিন সুপ্রিম কোর্টের (U.S. Supreme Court, SCOTUS) *ডবস বনাম জ্যাকসন* মামলার রায়ের পর, গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট (New York State Department of Health, NYSDOH) আজকে একটি বলিষ্ঠ, একাধিক প্ল্যাটফর্মের, পেইড গণশিক্ষা ক্যাম্পেইন ঘোষণা করলেন যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসী, সকল আমেরিকানরা যাতে জানতে পারে যে নিউ ইয়র্ক স্টেটে গর্ভপাত সর্বদা নিরাপদ, বৈধ এবং উপলভ্য থাকবে। স্টেটব্যাপী ক্যাম্পেইনটিতে রয়েছে একাধিক প্ল্যাটফর্মের বিজ্ঞাপনী প্রচেষ্টা এবং একটি নতুন ওয়েবসাইট, যেখানে একই স্থানে নিউ ইয়র্কে গর্ভপাতের অধিকার, সেবাদানকারী, সমর্থন, এবং পেমেন্টের বিকল্পসমূহ সম্পর্কে তথ্য জানা যাবে।

"আমরা এই অন্ধকার দিনের আশঙ্কা করেছিলাম, কিন্তু নিউ ইয়র্ক এর জন্য প্রস্তুতি নিতে দ্বিধা করেনি," **গভর্নর হোকল বলেন।** "সুপ্রিম কোর্ট তাদের সকলের জন্য একটি বিশাল আঘাত প্রদান করেছে যারা নিজেদের দেহের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতার মূল্যায়ন করে। আমি স্পষ্ট করে বলছি: সুপ্রিম কোর্ট ব্যর্থ হয়েছে, কিন্তু নিউ ইয়র্ক স্টেট হবে না। আমাদের গর্ভপাতের সুযোগ সর্বদা (Abortion Access Always) ক্যাম্পেইন সেই সকল প্রচেষ্টার অনুবর্তী যা নিশ্চিত করে সকলে যেন জানতে পারে যে এখানে গর্ভপাত নিরাপদ, বৈধ এবং উপলভ্য থাকবে। যতদিন পর্যন্ত আমি গভর্নর থাকবো, এই স্টেট আপনাকে সুরক্ষিত রাখবে।"

"অনেক দশকের নজির বাতিল করার এবং সমতার এবং নিজের দেহের নিয়ন্ত্রণ রাখার একজন নারীর অধিকারের ক্ষেত্রে ঘড়ির কাঁটা পেছনের দিকে ঘুরিয়ে দেওয়ার সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্ত বিবেককে অপরিমেয় আঘাত প্রদান করে। সিদ্ধান্তটি ভয়ঙ্কর এবং একটি দেশ হিসেবে আমাদের একতা নিখুঁত করতে আমরা যত লড়াই করেছি তার সবগুলির জন্য অপমানস্বরূপ। এই ব্যাপারে কোনও ভুল করবেন না, আমাদের প্রতিষ্ঠাকারী আদর্শের সাথে মানিয়ে চলার লড়াই চলছে, এবং এখানে, নিউ ইয়র্কে আমরা সেই লড়াইয়ের নেতৃত্ব দিবো।এখানে, নিউ ইয়র্কে, গর্ভপাত নিরাপদ, উপলভ্য এবং বৈধ থাকবে," **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "এবং নিউ ইয়র্ক এই দেশের সব নারীর জন্য একটি নিরাপদ আশ্রয় হয়েই থাকবে।"

সমন্বিত মিডিয়া এবং বিজ্ঞাপনী ক্যাম্পেইন ইংরেজি ও স্প্যানিশ উভয় ভাষায় স্টেটব্যাপী চলবে, এটি বেশি ট্র্যাফিক ঘনত্বের স্থান যেমন গণ পরিবহন হাব, শপিং সেন্টার, বিমানবন্দরে লাগানো হবে এবং রেডিও ও ডিজিটাল চ্যানেলগুলিতে প্রচার করা হবে। NYSDOH-র নেতৃত্বে বিজ্ঞাপনগুলি চারটি ভিন্ন রঙে প্রদর্শিত হবে, কালো, সবুজ, গোলাপি, এবং বেগুনি, যা একটি গণস্বাস্থ্য সমস্যা হিসেবে গর্ভপাত করানোর সুযোগের গুরুত্ব যে সকলকে প্রভাবিত করে সেই ধারণাকে জোরদার করবে। নিরাপদ গর্ভপাত একজন ব্যক্তির শারীরিক ও মেডিকেল সুস্থতাকে রক্ষা করে, এবং একই সাথে নিশ্চিত করে যে একটি পরিবার শুরু করার, এবং নিজেদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ব্যাপারে নির্ণয় নেওয়ার ইচ্ছা এবং ক্ষমতা যাতে ব্যক্তির নিজের থাকে।

"চল্লিশ মিলিয়ন নারী, যা হলো এই দেশের প্রজননসক্ষম বয়সের জনগোষ্ঠীর অর্ধেকের বেশি, এমন স্টেটে বাস করে যারা ইতিমধ্যে গর্ভপাতের অধিকার কেড়ে নিচ্ছে," **স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন।** "এর মধ্যে অনেক স্টেট ধর্ষণ, অজাচার থেকে হওয়া, বা মায়ের জীবন ঝুঁকিগ্রস্ত করে এমন গর্ভাবস্থার ক্ষেত্রেও কোনও ব্যতিক্রম করে না। মার্কিন সুপ্রিম কোর্টের প্রদত্ত এই বিপর্যয়কারী রায় একটি গণস্বাস্থ্য প্রতারণা এবং মানবাধিকার সঙ্কট যা আমাদের সকলের স্বাস্থ্যকে ঝুঁকিগ্রস্ত করে। মানুষের কাছে অবশ্যই মেডিকেল এবং সামাজিক নির্ণায়ক বাছাই করার মৌলিক অধিকার থাকতে হবে যা তাদের স্বাস্থ্যের ফলাফলকে প্রভাবিত করবে এবং জীবনের গতিপথ নির্ধারণ করবে, এবং এর মধ্যে নিরাপদ গর্ভপাতের সুযোগও থাকবে হবে। গভর্নর হোকল এবং আমাদের NYDOH দলের কল্যাণে, আমরা নিশ্চিত করবো যাতে সকল নিউ ইয়র্কবাসী, এবং আমাদের স্টেটে সেবার সন্ধানে আসা সকলেই যাতে এটি জানতে পারে।"

শিক্ষার সুযোগ সম্প্রসারণ করতে, স্টেট একটি নতুন ওয়েবসাইট শুরু করেছে যেখানে জনগণকে গর্ভপাতের সুযোগ এবং প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবার ব্যাপারে তথ্যের একটি একক উৎস প্রদান করা হবে। নতুন ওয়েবসাইটটিতে রয়েছে গর্ভপাতের অধিকার, সেবাদানকারী, চিকিৎসার বিকল্প, এবং মানসিক স্বাস্থ্য সমর্থনের ব্যাপারে সংস্থান ও পেমেন্ট সংক্রান্ত বিস্তারিত। সমতার প্রতি স্টেটের প্রতিশ্রুতির ভিত্তিতে তৈরি ওয়েবসাইটটি বারোটির বেশি ভাষায় উপলভ্য এবং স্মার্টফোন বা কম্পিউটার থেকে খোলা যাবে। গণস্বাস্থ্য অংশীদার ও কমিউনিটিভিত্তিক সংগঠন, যারা নিজেদের সম্প্রদায়ে এই বার্তার প্রচার করতে চায়, তাদের জন্য ডাউনলোড করার মতো অ্যাসেট যেমন সাইনেজ, রেডিমেড বার্তা, এবং সোশ্যাল মিডিয়ার গ্রাফিক্স উপলভ্য থাকবে।

গভর্নর হোকল ইতিমধ্যে নিউ ওয়ার্ক স্টেটের প্রজননসংক্রান্ত অধিকার এবং গর্ভপাত করানোর সুযোগ আরো সংরক্ষণ, রক্ষা, এবং জোরদার করতে নজিরবিহীন পদক্ষেপ গ্রহণ করেছেন। এর মধ্যে রয়েছে একটি দেশের শীর্ষস্থানীয় 25 মিলিয়ন মার্কিন ডলারের গর্ভপাত প্রদানকারী সমর্থন তহবিল (Abortion Provider Support Fund), যা স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট তত্ত্বাবধান করবে, যাতে করে নিউ ইয়র্কে গর্ভপাত সেবা সন্ধানী রোগীদের জন্য ধারণক্ষমতা বৃদ্ধি করা যায় ও উপলভ্যতা নিশ্চিত করা যায়। এছাড়াও গভর্নর প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবা সেন্টারের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন যাতে তারা অপরাধ ন্যায়বিচার পরিষেবা ডিভিশনের (Division of Criminal Justice Services, DCJS) মাধ্যমে নিরাপত্তা অনুদান পেতে পারে যা এই অত্যাবশ্যকীয় সেবাদানকারীদের নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করবে।

13 জুন তারিখে গভর্নর হোকল একটি সার্বিক, ছয় বিলের প্যাকেজে স্বাক্ষর করেন যা নিউ ইয়র্কের রোগী ও সেবাদানকারী জন্য গর্ভপাতের অধিকার আরো সংরক্ষণ, সুরক্ষিত এবং জোরদার করে। বিধিমালাটি অনেক ধরনের আইনি উদ্বেগের সমাধান করতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করে, যেমন সংরক্ষিত অধিকারের ব্যাপারে অবৈধ হস্তক্ষেপের জন্য একটি কার্যের কারণ স্থাপন করা এবং গোপনীয়তা সংক্রান্ত সমাধান কর্মসূচিতে (Address Confidentiality Program) গর্ভপাত প্রদানকারী ও রোগীদের অন্তর্ভুক্ত করা। এছাড়াও নতুন বিলগুলি যেইসব স্টেটে এই সেবা অবৈধ সেখানকার রোগীদের প্রজননসংক্রান্ত সেবা প্রদান করার ক্ষেত্রে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ নিষিদ্ধ করে এবং বৈধ সেবা প্রদান করে এমন গর্ভপাত প্রদানকারীদের বিরুদ্ধে বিরূপ পদক্ষেপ নেওয়া থেকে ম্যালপ্র্যাকটিস বীমা কোম্পানিগুলিকে প্রতিহত করে।

সকল নিউ ইয়র্ক বাসীর, এবং সেবার সন্ধানে যারা নিউ ইয়র্কে আসবে, তাদের সবার জানা উচিত যে গর্ভপাতের অধিকার নিউ ইয়র্ক স্টেটের আইনে সযত্নে রক্ষিত আছে। গভর্নর হোকল এবং স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট সবসময় নিশ্চিত করবে যাতে স্টেট নিরাপদ গর্ভপাতের সুযোগ এবং প্রজননসংক্রান্ত সেবা অব্যাহতভাবে প্রদান করে।

নিউ ইয়র্কের গর্ভপাত সেবা অবশ্যই সম্পূর্ণ গোপনীয় হতে হবে। সেবাদানকারীদের জন্য যার গর্ভপাত করানো হচ্ছে সে ব্যতীত, তার অনুমতি ছাড়া কারো কাছে কোনও তথ্য প্রকাশ করার অনুমতি নেই। এর মধ্যে মেডিকেল রেকর্ড এবং একইসাথে অ্যাপয়েন্টমেন্ট বা প্রক্রিয়ার ব্যাপারে সকল তথ্য অন্তর্ভুক্ত হবে। গোপনীয়তা প্রযোজ্য হবে ভ্রূণের অন্য বায়োলজিক্যাল পিতামাতা, ব্যক্তি অপ্রাপ্তবয়স্ক হলে তার পিতামাতা, এবং গর্ভপাতের ব্যাপারে তথ্য পেতে ব্যক্তির স্পষ্ট অনুমতি ছাড়া এমন সকল ব্যক্তির জন্য।

নিউ ইয়র্কে, মেডিকেইড (Medicaid) গর্ভপাতের ব্যয় বহন করে, এবং অন্যান্য স্বাস্থ্যবীমাও তা করতে পারে। যাদের অর্থ বা যাতায়াতের জন্য সাহায্য প্রয়োজন, তাদের জন্য ব্যয়ভার বহন করতে সাহায্য করার সংস্থান, তহবিল, এবং সংগঠন রয়েছে।

নিউ ইয়র্কের গর্ভপাত সেবা, যেমন গর্ভপাত প্রদানকারী, সেবার বিকল্প, মানসিক স্বাস্থ্য সমর্থন, বা পেমেন্টের বিকল্পের সংস্থানের ব্যাপারে আরো জানতে, এখানে ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন